



[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

তাগিদপত্র



নং-ঢাশিবো/বি/৪০৪(ঙ)/নার/ ৮৪৮

তারিখ : ২৬/০২/২০২২

বিষয় : বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে চূড়ান্ত বরখাস্ত করণ সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি জমা প্রদান পূর্বক আবেদন করণসহ তাগিদপত্র প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র :** (i) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন এর রীট পিটিশন নং-৮০৪২/২০২০; তারিখ: ০৬/১২/২০২০ এর আদেশ।
(ii) প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), জনাব এরশাদ উল্লাহ কর্তৃক গত ২৭/১০/২০২০ তারিখের দাখিলকৃত আবেদন।
(iii) প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), জনাব এরশাদ উল্লাহ কর্তৃক গত ২০/১২/২০২০ তারিখের দাখিলকৃত আবেদন।
(iv) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্টের ডিভিশন এর কনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২১ তারিখ: ০৫/১২/২০২১ এর আদেশ।
(v) বোর্ডের ১১/০১/২০২১ তারিখের স্মারকনং- ৪০৪/(ঙ)নার/৪২২০(ক)।

উপর্যুক্ত বিষয়ও সূত্রের প্রেক্ষিতে নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলাধীন শামসুজ্জোহা এম, বি, ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব এরশাদ উল্লাহ-কে ম্যানেজিং কমিটি কর্তৃক বিধিবিহীন ভাবে গত ১২/১০/২০২০ তারিখে চূড়ান্তভাবে বরখাস্ত করা হয়েছে মর্মে সূত্রোক্ত (ii) ও (iii) নং ক্রমিকে উল্লিখিত গৃহীত পত্রে অভিযোগ পাওয়া গেছে।

সূত্রোক্ত (i) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন এর রীট পিটিশন নং-৮০৪২/২০২০ তারিখ: ০৬/১২/২০২০ এর আদেশ নিষ্পত্তি কল্পে, তাঁর চূড়ান্ত বরখাস্তকরণ সম্পর্কিত প্রয়োজনীয় সকল তথ্যাদি জমা প্রদান পূর্বক জরুরী ভিত্তিতে বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন করণসহ রীট পিটিশন নং-৮০৪২/২০২০ তারিখ: ০৬/১২/২০২০ এর আদেশের মূল আর্জির কপি অত্র দপ্তরে জমা প্রদান পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ইতিপূর্বে সূত্রোক্ত (v) নং ক্রমিকে উল্লিখিত প্রত্রের মাধ্যমে আপনাকে অবহিত করা হলেও এ বিষয়ে অদ্যাবধি প্রয়োজনীয় কোন পদক্ষেপ গ্রহণ করা হয় নি।

বোর্ড কর্তৃক প্রদত্ত উক্ত আদেশ অনুসরণ না করায় সূত্রোক্ত (iv) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্টের ডিভিশন এর কনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২১ উদ্ভব হয়েছে। বিধায় সূত্রোক্ত (i) নং ক্রমিকে উল্লিখিত (মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন এর রীট পিটিশন নং-৮০৪২/২০২০; তারিখ: ০৬/১২/২০২০ এর আদেশ) ও (iv) নং ক্রমিকে উল্লিখিত (মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্টের ডিভিশন এর কনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২১ তারিখ: ০৫/১২/২০২১ এর আদেশ) আদেশ সমূহ অনুসরণ পূর্বক জরুরী ভিত্তিতে আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ব্যর্থতায় ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ৩৮(২) ধারা অনুযায়ী ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া সহ প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকের এম.পি.ও বন্ধের জন্য কেন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করা হবে না মর্মে অবহিত করণসহ পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

বিদ্যালয়পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক : ১। সভাপতি

শামসুজ্জোহা এম,বি, ইউনিয়ন উচ্চ বিদ্যালয়,
পোষ্ট: মিনারবাড়ী, বন্দর, নারায়ণগঞ্জ।

২। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

শামসুজ্জোহা এম,বি, ইউনিয়ন উচ্চ বিদ্যালয়
পোষ্ট: মিনারবাড়ী, বন্দর, নারায়ণগঞ্জ।

মেমোনং- ২৪৮ (৮)

তারিখ : ২৬/০২/২০২২

অবগতিরজন্য অনুলিপি প্রেরণকরা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৬। জনাব এরশাদ উল্লাহ, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) শামসুজ্জোহা এম,বি, ইউনিয়ন উচ্চ বিদ্যালয়,
পোষ্ট: মিনারবাড়ী, বন্দর, নারায়ণগঞ্জ।
- ৭। পিএস-টু চেয়ারম্যান (চেয়ারম্যানমহোদয়ের অবগতিরজন্য), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড।